গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

জনশুমারি আয়োজন, সমৃদ্ধি ও উন্নয়ন

জনশুমারি সর্বোচ্চ অগ্রাধিকার

উপানুষ্ঠানিক পত্র নং- ৫২.০১.০০০০.৪০৯.১৮.০০১.১৯-৪৮৭

তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২০

প্রিয় সহকর্মী,

আপনি নিশ্চয় অবগত আছেন যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশে প্রথম আদমশুমারি ও গৃহগণনা ১৯৭৪ সালে অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করেন। পরবর্তীতে ১৯৮১, ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে যথাক্রমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়। ২০১৩ সালে মহান জাতীয় সংসদে পাশকৃত 'পরিসংখ্যান আইন, ২০১৩' অনুযায়ী 'আদমশুমারি ও গৃহগণনা' এর নাম পরিবর্তন করে 'জনশুমারি ও গৃহগণনা' করা হয়। আপনি অবহিত আছেন যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে দেশের আর্থ-সামাজিক, জনতাত্ত্বিক ও জনমিতিক বহুবিধ গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে। এছাড়া পরিসংখ্যান আইন, ২০১৩ কার্যকর হওয়ার ফলে জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা একটি সুসমন্বিত আইনগত কাঠামোর আওতায় আরো সুসংহত হয়েছে। পরিকল্পনা মন্ত্রণালয়াধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' সুষ্ঠুভাবে বাস্তবায়নে সার্বিক ব্যবস্থাপনা ও পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করেছে। শুমারি পরিচালনায় জনপ্রতিনিধি ও স্থানীয় প্রশাসনের সকল কার্যালয়ের সার্বিক সহযোগিতা প্রয়োজন হবে। দশ বছর পর্যাবৃত্তি অনুসরণপূর্বক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো(বিবিএস) কর্তৃক ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা' আগামী ২০২১ সালের ০২-০৮ জানুয়ারি সময়ে সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে।

০২। আপনি জেনে খুশি হবেন যে, বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২০ সালের ফেব্রুয়ারি-মার্চ মাসে ম্যাপিং, জিও কোড আপডেটিং এবং জোনাল অপারেশন; মার্চ-এপ্রিল মাসে লিস্টিং অপারেশন; অক্টোবর মাসে ২য় জোনাল অপারেশন এবং ২০২১ এর জানুয়ারি মাসে মূল শুমারি অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে সকল জেলা, উপজেলা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে প্রস্তুতিমূলক ম্যাপিং, জিওকোড আপডেটিং এবং জোনাল অপারেশন কার্যক্রম পরিচালনা করা হবে। ম্যাপিং, জিও কোড আপডেটিং এবং জোনাল অপারেশনে গণনা এলাকা গঠন এবং ওয়ার্ড/ইউনিয়ন ভিত্তিক মোট খানার সংখ্যা হিসেব করে গড়ে ১০,০০০ খানা নিয়ে একটি জোন গঠন করা হবে এবং জোনের অভ্যন্তরে সুপারভাইজার ম্যাপ প্রস্তুতপূর্বক গণনা এলাকা চিহ্নিত করে খানাসমূহের অবস্থান দেখানো হবে এবং প্রয়োজনীয় সংখ্যক গণনাকারী এবং প্রতি ৫-৬ জন গণনাকারীর জন্য একজন সুপারভাইজার নির্বাচন করে প্রাথমিক তালিকা প্রস্তুত করা যাবে। ম্যাপিং, জিওকোড আপডেটিং এবং জোনাল অপারেশনে অংশগ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীগণ মূল তথ্য সংগ্রহ কার্যক্রমেও নিয়োজিত থাকবেন। প্রাথমিক হিসাবে এ কার্যক্রম পরিচালনায় মাঠ পর্যায়ে প্রায় ৩৩০০ জোনাল অফিসার নিয়োগ প্রদানের প্রয়োজন হবে বিধায় বিবিএস এর বিদ্যমান জনবলের অতিরিক্ত জনবল প্রয়োজন হবে। এ লক্ষ্যে উপজেলা পর্যায়ে কৃষি, শিক্ষা, সমাজসেবা, যুব উন্নয়ন, পল্লী উন্নয়ন ও সমবায় প্রভৃতি বিভাগের ২য় ও ৩য় শ্রেণির কর্মকর্তা/কর্মচারীগণের মধ্য হতে জোনাল অফিসার হিসাবে কাজ করতে আগ্রহী, আন্তরিক ও নিষ্ঠাবান কর্মকর্তা/কর্মচারীগণকে সম্পৃক্ত করা হলে সরকারের গুরুত্বপূর্ণ এ কার্যক্রমটি সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যায়। উল্লেখ্য, পরিসংখ্যানের কাজে উপজেলা পর্যায়ে গঠিত স্থায়ী কমিটির প্রধান হিসাবে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ জোনাল অফিসার নির্বাচন ও সার্বিক কার্যক্রম পরিচালনায় বিশেষ ভূমিকা পালন করতে পারেন।

০৩। জোনাল অফিসারগণ ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে ম্যাপিং, জিও কোড আপডেটিং এবং জোনাল অপারেশন; লিস্টিং অপারেশন; ২য় জোনাল অপারেশন এবং মূল তথ্য সংগ্রহ কার্যক্রমে জেলা পর্যায়ে প্রশিক্ষণ গ্রহণসহ সংশ্লিষ্ট এলাকায় গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদানের দায়িত্ব পালন করবেন এবং প্রকল্পের সংস্থান অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবেন।

০৪। বর্ণিতাবস্থায়, বিবিএস এর জোনাল অফিসারের পাশাপাশি অতিরিক্ত জোনাল অফিসার নির্বাচনে আপনার সক্রিয় সম্পৃক্ততার মাধ্যমে সরকারের গুরুত্বপূর্ণ এ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সার্বিক সহযোগিতা কামনা করছি।

১৮/২/২০২০

মোহাম্মদ তাজুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
☏০২-৫৫০০৭০৫৬
ইমেইল: dg@bbs.gov.bd

উপজেলা নির্বাহী কর্মকর্তা

..................

**অনুলিপি:**

১। বিভাগীয় কমিশনার (সকল)....................... বিভাগ।
২। জেলা প্রশাসক (সকল)...................... ... জেলা।
৩। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল).......................।
৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল) ....................... (তার অধীনস্থ সকল উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাগণকে এ বিষয়ে যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।